JAN 7 2001

ঢাকা বিশ্ববিদ্যালয়

# সাধারণ সমাবর্তনের নূতন তারিখ ৩রা ফেব্রুয়ারী

**বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥** ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৪১তম সাধারণ সমাবর্তন অনুষ্ঠান আরও এক সপ্তাহ পিছাইয়াছে। পূর্বনির্ধারিত ২৭শে জানুয়ারীর পরিবর্তে ইহা এখন ৩রা ফেব্রুয়ারী বিশ্ববিদ্যালয় শারীরিক শিক্ষা কেন্দ্রের মাঠে অনুষ্ঠিত হইবে। নির্দিষ্ট তারিখে সমাবর্তন আয়োজনে বিশ্ববিদ্যালয় চ্যান্সেলর প্রেসিডেন্ট সাহাবুদ্দীন আহমদের অনুমতি না পাওয়ায় এই তারিখ পরিবর্তন করা হইয়াছে বলিয়া প্রশাসনিক ভবন সূত্রে জানা গিয়াছে। গত বৃহস্পতিবার পরিবর্তিত ৩রা ফেব্রুয়ারী তারিখে সমাবর্তন অনুষ্ঠানে চ্যান্সেলর অনুমতি দিয়াছেন। এ প্রসঙ্গে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর অধ্যাপক একে আজাদ চৌধুরী বলেন, দীর্ঘদিন পরে গত বছর আমরা সমাবর্তন করিয়াছি। এখন এই আয়োজন নিয়মিতই হইবে। এবারও বেশ কয়েকটি দেশের বরেণ্য ব্যক্তিত্ব সমাবর্তন অনুষ্ঠানে যোগ দিবেন। উল্লেখ্য, প্রায় অর্ধ কোটি টাকা ব্যয় ধরা হইয়াছে এই সমাবর্তন আয়োজনে। প্রায় ১০ হাজার গ্র্যাজুয়েট সমাবর্তনে অংশগ্রহণ করিবেন বলিয়া উদ্যোক্তারা আশা করিতেছেন। এবারের সমাবর্তনে বিশ্ববিখ্যাত নিউজ চ্যানেল সিএনএন-এর স্বত্বাধিকারী টেড টার্নারসহ অক্সফোর্ড, কেম্ব্রিজ অথবা হার্ভার্ড হইতে সমাবর্তন-বক্তা আনয়নের ব্যাপারে বিশ্ববিদ্যালয় প্রশাসন চেষ্টা চালাইতেছে।